

যশোরে প্রস্তাবিত মেডিকেল কলেজের স্থান নির্ধারণ নিয়ে ষড়যন্ত্র

যশোর ব্যাঙ্গো

যশোরে প্রস্তাবিত মেডিকেল কলেজ স্থাপন নিয়ে ষড়যন্ত্র শুরু হয়েছে। মেডিকেল কলেজটি স্থাপনে যশোর গহরের অনুরূপ স্থান নির্ধারণ ও জমি অধিগ্রহণের চূড়ান্ত পর্যায়ে পৌঁছে অন্যত্র সরিয়ে নেয়ার দাবি উঠেছে। এ সংযোগ মতলব বিশেষে প্রস্তাবিত মেডিকেল কলেজটি পূর্ববর্তী একটি জেলায় প্রতিষ্ঠার জন্য পায়তলা শুরু করেছে। স্থানীয় প্রশাসন সূত্রে জানা গেছে, তত্ত্বাবধায়ক সরকারের আদেশে যশোরে একটি মেডিকেল কলেজ স্থাপনের উদ্যোগ নেয়া হয়। এর পরিপ্রেক্ষিতে গত জুন মাসে যশোরে মেডিকেল কলেজ প্রকল্প বাস্তবায়ন কমিটি শহরের অনুরূপ হরিণার বিলে এটি স্থাপনের জন্য ৭৫ বিঘা জমির সীমানা নির্ধারণ করে। সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত অনুমোদন পাওয়ার পর মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটির পক্ষে জেলা প্রশাসন হরিণার বিলে জমি অধিগ্রহণের কাজ শুরু করে। সূত্র জানায়, জেলা প্রশাসন হরিণার বিলে ৫০ বিঘা জমির সীমানা নির্ধারণ করে দালাল পতাকা পুঁতে দেয়। একই মাসে জমির মালিকদের কাছে প্রদান করা হয় অধিগ্রহণপত্র। পূর্বসংকে, যশোরে মেডিকেল কলেজ স্থাপনের লক্ষ্যে এর আগে বেশ কয়েকটি স্থানের নাম আলোচনাও এসেছে প্রকল্প বাস্তবায়ন কমিটি চূড়ান্ত বিবেচনার পর হরিণার বিলের পক্ষে মত দেয়। এছাড়াও যশোরসহ আশপাশের উপজেলার মানুষ মনে করেন, হরিণার বিলে মেডিকেল কলেজ স্থাপন করা হলে তা সবচেয়ে জনস্বত্ব হয়ে উঠবে। কারণ, যশোর কেন্দ্রীয় বাস টার্মিনালের কাছাকাছি হরিণার বিলের অবস্থান। এই টার্মিনালের সঙ্গে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ১০ জেলা ছাড়াও ২০টি রুটের সংযোগ রয়েছে। এছাড়া যশোর রেলওয়ে জংশনের অবস্থানও

এর কাছাকাছি। একই মাসে হরিণার বিলের কাছাকাছি পল্লী বিদ্যুৎ এবং জেলাপত্রিকার দুটি স্টেশন পর্যায়ে এমন সুযোগ-সুবিধা থাকার পরও মতামত করে যশোরের দুর্গম এলাকা হিসেবে পরিচিত হাঙ্গুরায় মেডিকেল কলেজটি স্থাপনের দাবি উঠেছে। এ দাবির পক্ষে উল্লেখ্য সেখানে মানবস্বাস্থ্যের অন্যান্য কর্মসূচি পরিচালিত হয়েছে। একই মাসে ওই এলাকার লোকজন স্বাস্থ্য উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র জানায়, এ অবস্থার পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় হরিণার বিলে জমি অধিগ্রহণ স্থগিত রেখে বাঙ্গুরা এলাকার অধিবাসীদের দাবি তদন্তপূর্বক আবার প্রতিবেদন পাঠানোর

জমি অধিগ্রহণের চূড়ান্ত পর্যায়ে এসে সেটি অন্যত্র সরিয়ে নেয়ার দাবি উঠেছে

দাবি যশোর মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটিকে নির্দেশ দিয়েছে। অন্য মতের মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটির বাঙ্গুরা এলাকার জমি পরিদর্শনের পত্র রয়েছে। হরিণার বিলে মেডিকেল কলেজ স্থাপনের দাবিতে গঠিত কমিটির অন্যতম নেতা পৌর কাউন্সিলর আলহাজ্ব আনিছুর

রহমান মুকুল জানান, যশোরে মেডিকেল কলেজ স্থাপনের দাবি যশোরবাসীর দীর্ঘদিনের। রাজনৈতিক ও সামাজিক সংগঠনসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ হরিণার বিলে মেডিকেল কলেজ স্থাপনের পক্ষে মত দেন। যশোর মেডিকেল কলেজ প্রকল্প বাস্তবায়ন কমিটিও বিচার-বিবেচনা করে হরিণার বিলকে উপযুক্ত হিসেবে নির্ধারণ করেন। এ অবস্থায় মেডিকেল কলেজটি অন্যত্র সরিয়ে নেয়ার চেষ্টা করা হলে যশোরের মানুষ তা মানবে না বলে আনিছুর রহমান উল্লেখ করে বলেন, একদম প্রথমেই হলে পণঅনুমোদন গড়ে তোলা হবে। এদিকে, স্থান নির্ধারণ নিয়ে এই টানা-হেঁচড়ার সুযোগে প্রস্তাবিত মেডিকেল কলেজটি অন্য একটি জেলায় পরিচালিত নেয়ার ষড়যন্ত্র চলেছে বলে দাবি করলেন সূত্র জানা গেছে।